# জুলাই যোদ্ধা ও শহীদ পরিবার পুনর্বাসন অধ্যাদেশ বিল পাশ



ছবি: সংগৃহীত

জুলাই গণঅভ্যুত্থানে অংশ নেওয়া যোদ্ধা এবং শহীদদের পরিবারের কল্যাণ ও পুনর্বাসন নিশ্চিত করতে ‘জুলাই গণঅভ্যুত্থান কল্যাণ ও পুনর্বাসন অধ্যাদেশ-২০২৬’ জাতীয় সংসদে অনুমোদন পেয়েছে।

শুক্রবার (১০ এপ্রিল) বিকাল সাড়ে ৩টার দিকে এ বিলটি সংসদে উপস্থাপন করেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আহমেদ আযম খান।

তিনি জানান, এই উদ্যোগের লক্ষ্য হলো শহীদ পরিবার ও যোদ্ধাদের সহায়তা প্রদান এবং গণঅভ্যুত্থানের চেতনা ও আদর্শকে রাষ্ট্রীয় ও জাতীয় জীবনে প্রতিষ্ঠিত করা। পাশাপাশি, ঐতিহাসিক এই ঘটনাগুলোর সঠিক সংরক্ষণও এ বিলের অন্যতম উদ্দেশ্য।

বিলটি উত্থাপনের পর জাতীয় সংসদের ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল তা ভোটে দেন। উপস্থিত সংসদ সদস্যরা কণ্ঠভোটে ‘হ্যাঁ’ বলে বিলের প্রতি তাদের সমর্থন জানান, ফলে এটি পাস হয়।

LENS ASIA